সংবাদ

তারিখ ... 13 FEB 2016 ...
পৃষ্ঠা ...৭... কলাম ... ৬ ...

# কেন্দ্র সচিবের ভুলে ১৪ সালের প্রশ্নে হিন্দু ধর্ম পরীক্ষা

**যশোর অফিস**

কেন্দ্র সচিবের ভুলের কারণে যশোরে এসএসসি হিন্দু ধর্ম পরীক্ষার্থীদের ১৪ সালের প্রশ্নে পরীক্ষা দিতে হয়েছে। ফলে বেশিরভাগ শিক্ষার্থীর পরীক্ষা খারাপ হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। ঘটনাটি ঘটেছে উপশহর বাদশাহ ফয়সাল ইসলামী ইনস্টিটিউট কেন্দ্রে। এ কেন্দ্রে ১৮ জন হিন্দু ধর্ম পরীক্ষার্থী ছিল।

কেন্দ্র সচিব বাদশাহ ফয়সাল ইসলামী ইনস্টিটিউটের প্রধান শিক্ষক আসহাবুল্লু গাজী ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, ভুলের কারণে নিয়মিত পরীক্ষার্থীদের ক্যাজুয়াল পরীক্ষার্থীদের প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হয়েছে। আমরা এসব খাতা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে জমা দিয়েছি।

পরীক্ষা নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র জানান, বিষয়টি আমরা ইউএনওকে মৌখিকভাবে জানিয়েছি। কেন্দ্র সচিবকে অব্যাহতি দিয়ে নতুন কেন্দ্র সচিব নিয়োগ দেয়া হবে। পরে লিখিতভাবে জানাবো। তবে ১৪ সালের প্রশ্নপত্রে যারা পরীক্ষা দিয়েছে তাদের যাতে কোন ক্ষতি না হয় সেদিকে লক্ষ্য রেখে ব্যবস্থা নেয়া হবে।